**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৫.২০-১৯৬

তারিখ: ২১ আষাঢ় ১৪২৭ / ০৫ জুলাই ২০২০

**বিষয় : একাদশ জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ ও ৯০ যশোর-৬ শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

সূত্র: ১। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৫.২০-১৯২, তারিখ: ০৪ জুলাই ২০২০
২। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৭৩.০১৫.১৯-১৪৫, তারিখ: ১১ মার্চ ২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত স্মারকপত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, আগামী **১৪ জুলাই ২০২০** তারিখে একাদশ জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ ও ৯০ যশোর-৬ শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। ইতঃপূর্বে অনুষ্ঠিত এ ধরনের নির্বাচনে নৌ-পরিবহণ মন্ত্রণালয় কর্তৃক ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি নৌ-যান যথা: লঞ্চ, স্পীড বোট, ইঞ্জিন চালিত যে কোন ধরনের নৌযান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে উল্লিখিত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **১৩ জুলাই ২০২০** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **১৪ জুলাই ২০২০** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) লঞ্চ

(২) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান (ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান এবং জনগণ তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান ব্যতীত)

(৩) স্পীড বোট

০২। উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সেই সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

০৩। বর্ণিতাবস্থায়, ৩৬ বগুড়া-১ (সারিয়াকান্দি উপজেলা এবং সোনাতলা উপজেলা) এবং ৯০ যশোর-৬ ( কেশবপুর উপজেলা) শূন্য আসনে নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট এলাকায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **১৩ জুলাই ২০২০** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **১৪ জুলাই ২০২০** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত বর্ণিত নৌ-যান চলা চলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ**-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫/৭/২০২০

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

সচিব
নৌ-পরিবহণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৫.২০-১৯৬ তারিখ: ২১ আষাঢ় ১৪২৭ / ০৫ জুলাই ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ........................................................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, ........................................................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ডিজিএফআই/এনএসআই/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ..................................... (সংশ্লিষ্ট বিভাগ)
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ..................................... (সংশ্লিষ্ট রেঞ্জ)
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, ..................................... (সংশ্লিষ্ট)
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................................... (সংশ্লিষ্ট)
১৬. পুলিশ সুপার, ..................................... (সংশ্লিষ্ট)
১৭. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, যশোর/বগুড়া ও রিটার্নিং অফিসার
১৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............. (সংশ্লিষ্ট)
২০. উপজেলা নির্বাহী অফিসার, .......................... (সংশ্লিষ্ট)
২১. জেলা তথ্য অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................ এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. উপজেলা নির্বাচন অফিসার..................... (সংশ্লিষ্ট)
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........................................................ (সংশ্লিষ্ট থানা)।

05/07/2020

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮